



জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম
লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০
প্রশাসন ডিপার্টমেন্ট
.....



জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ২৮.১৬.৯১০০.০৭৭.০১.০০১.২১.২৬২

তারিখ: ২৮ অগ্রহাষণ ১৪২৮

১৩ ডিসেম্বর ২০২১

বিষয়: অফিস আদেশ।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল) -এ কতিপয় কর্মকর্তা-কর্মচারি অফিসে প্রায়শঃ বিলম্বে উপস্থিত হন এবং অফিস চলাকালীন সময়ে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ করেন, এতে দাপ্তরিক কাজ ও স্বাভাবিক নিয়ম-শৃংখলা ব্যাহত হচ্ছে। দাপ্তরিক কাজ ও স্বাভাবিক নিয়ম-শৃংখলা বজায় রাখার স্বার্থে সকাল ৯.০০ ঘটিকার মধ্যে অফিসে আগমন এবং অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ না করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

সকল ডিভিশন/ ডিপার্টমেন্ট প্রধানগণ অধীনস্থ কার্যালয়/শাখা আকস্মিক পরিদর্শন করবেন। পরিদর্শনকালে কোন কর্মকর্তা-কর্মচারি যুক্তিসংগত কারণ ব্যতিরেকে দপ্তরে অনুপস্থিত থাকলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য, সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/ প্রকল্প/ শাখা/আবিকা প্রধানগণ অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারিগণকে বর্ণিত নির্দেশনা প্রতিপালনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৩-১২-২০২১

মোঃ রফিকুল ইসলাম

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ :

- ১) সকল ডিভিশন প্রধান, জেজিটিডিএসএল, সিলেট।
- ২) সকল ডিপার্টমেন্ট প্রধান, জেজিটিডিএসএল, সিলেট।
- ৩) প্রকল্প পরিচালক (৫০,০০০ পি-পেইড গ্যাস মিটার প্রকল্প), জেজিটিডিএসএল, সিলেট।
- ৪) সকল শাখা প্রধান, জেজিটিডিএসএল, সিলেট।
- ৫) সকল আবিকা প্রধান, জেজিটিডিএসএল।
- ৬) ঢাকা লিয়াজোঁ অফিস, জেজিটিডিএসএল, ঢাকা।

স্মারক নম্বর: ২৮.১৬.৯১০০.০৭৭.০১.০০১.২১.২৬২/১(৩)

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৮
১৩ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), জেজিটিডিএসএল, সিলেট।
- ২) নোটিশ বোর্ড।
- ৩) দপ্তর নথি।



১৩-১২-২০২১

নুরজাহান বেগম
ব্যবস্থাপক (সাধারণ প্রশাসন)